১৮৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
আইসিটি শাখা

যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়ে অনুষ্ঠিত নিজস্ব উদ্ভাবনী সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ মকবুল হোসেন নিবন্ধক
সভার তারিখ	২২ সেপ্টেম্বর, ২০২০ খ্রিঃ
সভার সময়	বিকাল ০৩.০০ টা।
স্থান	যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরের সম্মেলনকক্ষ।
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'।

যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের নিবন্ধকের কার্যালয়ের উদ্ভাবনী কার্যক্রম পর্যালোচনার লক্ষ্যে ২২/০৯/২০২০ খ্রিঃ তারিখ বিকাল ০৩.০০ টায় নিবন্ধক ও চিফ ইনোভেশন অফিসার, আরজেএসসি-এর সভাপতিত্বে আরজেএসসি'র সংশ্লিষ্ট কর্মকর্তা ও কর্মচারীগণের অংশগ্রহণে নিজস্ব উদ্ভাবনী সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচনা গৃহীত সিদ্ধান্তসমূহ নিম্নের ছকে তুলে ধরা হলঃ

ক্রঃনং	আলোচ্য বিষয়	ইনোভেশন টিমের সভায় আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত	বাস্তবায়নের দায়িত্ব
১	উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়নঃ ক) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন খ) উদ্ভাবন কর্মপরিকল্পনা মহামারী/আপদকাল মোকাবেলার সাথে সম্পৃক্ততা গ) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ ঘ) বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা তথ্য বাতায়নে প্রকাশ	**আলোচনাঃ** জনাব জিকরা আমিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, কেবিনেটের প্রদত্ত নির্দেশনা ও ছক অনুযায়ী ২০২০-২১ বছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ৩০/০৭/২০২০ তারিখে প্রণয়ন করা হয়েছে এবং মন্ত্রিপরিষদ বিভাগে ০৪/০৮/২০২০ তারিখে প্রেরণ করা হয়েছে। তিনি আরো জানান যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনাতথ্য বাতায়নে ১০/০৮/২০২০ তারিখে প্রকাশ করা হয়েছে। **সিদ্ধান্তঃ** উদ্ভাবন সংক্রান্ত সকল তথ্য নিয়মিত হালনাগাদ করতে হবে।	ইনোভেশন টিম
২	ইনোভেশন টিমের সভাঃ ক) ইনোভেশন টিমের সভা অনুষ্ঠান খ) ইনোভেশন টিমের সভার সিদ্ধান্ত বাস্তবায়ন	**আলোচনাঃ** জনাব জিকরা আমিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী বছরে ৬ টি সভা অনুষ্ঠান করার পরিকল্পনা গৃহীত হয়েছে। **সিদ্ধান্তঃ** প্রতি দুই মাসে ইনোভেশন টিমের ১টি সভা আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম
৩	উদ্ভাবন খাতে (কোড নম্বর-3257105) বরাদ্দঃ ক) উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বাজেট বরাদ্দ খ) উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে বরাদ্দকৃত অর্থ ব্যয়	**আলোচনাঃ** জনাব জিকরা আমিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, ২০২০-২১ বছরে উদ্ভাবন-সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে মোট ১২ লক্ষ টাকা বাজেট বরাদ্দ দেয়া হয়েছে। বরাদ্দকৃত টাকা উদ্ভাবন সংক্রান্ত কর্মশালা, সেমিনার, প্রশিক্ষন, উদ্ভাবকগণকে পুরস্কার প্রদান এবং উদ্ভাবকগণকে শিক্ষা সফরে প্রেরণের কাজে ব্যয় করতে হবে। **সিদ্ধান্তঃ** উদ্ভাবন খাতে বরাদ্দকৃত অর্থ কর্মসূচী অনুযায়ী ব্যয় বিভাজন করে আগামী সভায় উপস্থাপন করতে হবে।	জনাব জিকরা আমিন, প্রোগ্রামার

৪	সক্ষমতা বৃদ্ধিঃ ক) উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার খ) উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন গ) সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন	**আলোচনাঃ** জনাব জিকরা আমিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে,উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা/ সেমিনার, উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ এবং সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ আয়োজন করতে হবে। **সিদ্ধান্তঃ** ক) উদ্ভাবন ও সেবা সহজিকরণ বিষয়ে এক দিনের কর্মশালা অক্টোবর /২০২০ মাসের ২য় সপ্তাহে আয়োজন করতে হবে। খ) উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ নভেম্বর /২০২০ এবং জানুয়ারী /২০২১ মাসে আয়োজন করতে হবে। গ) সেবা সহজিকরণে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে দুই দিনের প্রশিক্ষণ ডিসেম্বর /২০২০ এবং ফেব্রুয়ারী /২০২১ মাসে আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম
৫	স্বীয় দপ্তরের সেবায় উদ্ভাবনী ধারণা/ উদ্যোগ আহবান, যাচাই-বাছাই-সংক্রান্ত কার্যক্রমঃ ক) উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান এবং প্রাপ্ত উদ্ভাবনী ধারণাগুলো যাচাই-বাছাইপূর্বক তালিকা তথ্য বাতায়নে প্রকাশ	**আলোচনাঃ** জনাব জিকরা আমিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, দপ্তরের সকল কর্মকর্তা-কর্মচারীগণের নিকট হতে নির্ধারিত ফরম্যাট অনুযায়ী উদ্ভাবনী উদ্যোগ/ধারণা আহবান করতে হবে। **সিদ্ধান্তঃ** ক) উদ্ভাবনী ধারণাগুলো ১৫/১০/২০২০ তারিখের মধ্যে সংগ্রহ করতে হবে। খ) কমিটি কর্তৃক যাচাই-বাছাইপূর্বক উদ্ভাবনী ধারণার তালিকা তথ্য বাতায়নে আগামী ০৩/১১/২০২০ তারিখের মধ্যে প্রকাশ করতে হবে।	ইনোভেশন টিম
৬	স্বীকৃতি বা প্রণোদনা প্রদানঃ ক) উদ্ভাবকগণকে প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র /ক্রেস্ট/ পুরস্কার প্রদান খ) উদ্ভাবকগণকে দেশে শিক্ষা সফর/প্রশিক্ষণ /নলেজ শেয়ারিংপ্রোগ্রামে প্রেরণ	**আলোচনাঃ** জনাব জিকরা আমিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী উদ্ভাবন ধারণা এবং এর বাস্তবায়নে প্রশংসিত ভূমিকা পালনের জন্য উদ্ভাবকগণকে সনদপত্র /ক্রেস্ট/ পুরস্কার প্রদান করতে হবে। **সিদ্ধান্তঃ** ক) ২০২০-২১ অর্থবছরে দুইজন উদ্ভাবককে উদ্ভাবন পুরস্কার প্রদান করতে হবে। খ) নভেম্বর/২০২০ মাসের ১৫ তারিখের মধ্যে উদ্ভাবকগণের শিক্ষা সফর আয়োজন করতে হবে।	ইনোভেশন টিম
৭	তথ্য বাতায়ন হালনাগাদকরণঃ ক) ইনোভেশন টিমের পূর্ণাঙ্গ তথ্যসহ বছরভিত্তিক উদ্ভাবনের সকল তথ্য আপলোড/ হালনাগাদকরণ খ) বছরভিত্তিক পাইলট ও বাস্তবায়িত সেবা সহজিকরণের তথ্য আপলোড/ হালনাগাদকরণ গ) বাস্তবায়িত ডিজিটাল-সেবার তথ্যআপলোড/ হালনাগাদকরণ	**আলোচনাঃ** জনাব জিকরা আমিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে,তথ্য বাতায়নের ইনোভেশন কর্ণারের তথ্য নিয়মিত হালনাগদকরণ করা হচ্ছে। **সিদ্ধান্তঃ** তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদকরণ করতে হবে।	জনাব জিকরা আমিন, প্রোগ্রামার
৮	ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়নঃ ক) ন্যূনতম একটি ডিজিটাল সেবা তৈরি ও বাস্তবায়ন করা	**আলোচনাঃ** জনাব জিকরা আমিন, প্রোগ্রামার সভাকে অবহিত করেন যে, এ দপ্তরের যে কোনো একটি ম্যানুয়াল সেবা ডিজিটাল সেবায় রূপান্তর করতে হবে। এ বিষয়ে সভায় আলোচনা হয়। **সিদ্ধান্তঃ** জনাব জিকরা আমিন, প্রোগ্রামার ও জনাব জান্নাতুল ফেরদৌস, সহকারী প্রোগ্রামার-কে একটি ম্যানুয়াল সেবা ডিজিটাল সেবায় রূপান্তর করার প্রস্তাব আগামী সভায় উপস্থাপন করতে হবে।	জনাব জিকরা আমিন, প্রোগ্রামার ও জনাব জান্নাতুল ফেরদৌস, সহকারী প্রোগ্রামার
৯	সেবা সহজিকরণঃ ক) ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণের পাইলটিং বাস্তবায়ন খ) ন্যূনতম একটি সেবা পদ্ধতি সহজিকরণ সারাদেশে সম্প্রসারণ/ রেপ্লিকেশন	**আলোচনাঃ** বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২০-২১ অনুযায়ী একটি সেবা সহজিকরণ করার বিষয়ে আলোচনা করা হয়। **সিদ্ধান্তঃ** আগামী সভায় জনাব মুহাম্মদ সেলিম মিয়া, এক্সামিনার অব একাউন্টস-কে একটি সেবা সহজিকরণ করার প্রস্তাব আগামী সভায় উপস্থাপন করতে হবে।	জনাব মুহাম্মদ সেলিম মিয়া, এক্সামিনার অব একাউন্টস

অন্য কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাই-কে ধন্যাবাদ জ্ঞাপনপূর্বক সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ মকবুল হোসেন

নিবন্ধক

স্মারক নম্বর: ২৬.০৬.০০০০.০০০.৩১.০০২.১৯.২২

তারিখ: ১৯ আশ্বিন ১৪২৭
০৪ অক্টোবর ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত নিবন্ধক, অতিরিক্ত নিবন্ধকের দপ্তর, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
২) প্রোগ্রামার, আইসিটি শাখা, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
৩) উপ নিবন্ধক, উপ নিবন্ধক-২ এর দপ্তর, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
৪) সহকারী নিবন্ধক, সংস্থাপন শাখা, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
৫) সহকারী প্রোগ্রামার, আইসিটি শাখা, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
৬) এক্সামিনার অব একাউন্টস, প্রশাসন শাখা-১, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
৭) জনাব জাহাঙ্গীর আলম, প্রোগ্রামার, ডিডিসি সাপোর্ট সার্ভিস, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর
৮) জনাব সনজিব সরকার, সাঁট লিপিকার, নিবন্ধকের দপ্তর, যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তর (নিবন্ধক মহোদয়ের সদয় অবগতির জন্য)।

মোঃ মকবুল হোসেন
নিবন্ধক